



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২২৪৭৪



২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576

নং-বামাশিবো/প্রশা/জামালপুর-১৫০/ ৬২৪৪/৬

তারিখঃ ১৩.০১.২০১৯ খ্রিঃ

বিষয়ঃ তদন্ত পূর্বক মতামতসহ প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, জামালপুর জেলার সদর উপজেলাধীন মল্লিক মন্ডল দাখিল মাদ্রাসার সুপার মাদ্রাসার স্থান পরিবর্তনের জন্য অত্র বোর্ডে আবেদন করেছেন। আবেদনে উল্লেখ করেন যে, উক্ত মাদ্রাসাটি মেঘা ডোয়াইলপাড়া, ছোনটিয়া বাজার, জামালপুর সদরে অবস্থিত। মাদ্রাসাটির পাশে একটি যোগনীদহ খাল ও যাতায়াতের সুবিধা জনক রাস্তা না থাকায় বর্ষা মৌসুমে ছাত্র-ছাত্রীরা নিয়মতান্ত্রিক ভাবে মাদ্রাসায় আসতে পারে না এবং দিন দিন ছাত্র-ছাত্রী ক্রমান্বয়ে হাস পাচ্ছে বিধায় উক্ত মাদ্রাসাটি মেঘা ডোয়াইলপাড়া গ্রাম হইতে স্থানান্তর করে উকিল বাজার, ঘোড়ামারা, গ্রাম: হবদেশ, পো: ছোনটিয়া বাজার, জামালপুর সদর, জামালপুর স্থানে স্থাপন করা করার জন্য আবেদন করেছেন (কপি সংযুক্ত)।

বর্ণিত অবস্থায় সংশ্লিষ্ট বিষয় সহ মাদ্রাসার সার্বিক বিষয়ে সরেজমিনে তদন্ত পূর্বক মতামতসহ প্রতিবেদন নিম্ন স্বাক্ষরকারী বরাবর প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক ০২(৭৭৬) পাতা।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে


13.01.19

প্রফেসর মোঃ মজিবুর রহমান
রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোনঃ ৯৬১২৮৫৮

স্বাক্ষরকঃ জেলা প্রশাসক, জামালপুর।

নং-বামাশিবো/প্রশা/জামালপুর-১৫০/

তারিখঃ ১৩.০১.২০১৯ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি:

১. উপজেলা নির্বাহী অফিসার, সদর, জামালপুর।
২. জেলা শিক্ষা অফিসার, জামালপুর।
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সদর, জামালপুর।
৪. সভাপতি/ সুপার, মল্লিক মন্ডল দাখিল মাদ্রাসা।
ডাকঘর- ছোনটিয়া বাজার, উপজেলা- সদর, জেলা- জামালপুর।
৫. পি এ টু চেয়ারম্যান/রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৬. অফিস কপি।

মোঃ মজিবুর রহমান
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬৭৪৮৭৪

MOLLIK MONDOL DAKHIL MADRASHA

স্থাপিত : ১৯৯৭ ইং,

পোঃ ছোনটিয়া বাজার, উপজেলা ও জেলা : জামালপুর।

বিদ্যালয় কোড নং- ১২৪৭৪, EIIN- NO- ১০৯৯৮৮

স্মারক নং :

তারিখ : ৪/১২/১৬

বরাবর,

চেয়ারম্যান,

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।

বিষয়ঃ মল্লিক মন্ডল দাখিল মাদ্রাসার স্থান পরিবর্তন প্রসঙ্গে।


মহাত্মন,

যথাবিহীত সম্মান প্রদর্শন পূর্বক বিনীত নিবেদন এই যে, মল্লিক মন্ডল দাখিল মাদ্রাসা, মেঘা ডোয়াইলপাড়া, ছোনটিয়া বাজার, জামালপুর সদরে অবস্থিত। উক্ত মাদ্রাসার পার্শ্বে একটি যোগনীদহ খাল থাকার কারণে ছাত্র/ছাত্রী নিয়মতান্ত্রিক ভাবে মাদ্রাসায় আসিতে পারে না। এমনকি যাতায়াতের সুবিধা জনক রাস্তা নেই, বর্ষা মৌসুমে যাতায়াত খুবই কষ্টকর, তাই দিন দিন ছাত্র/ছাত্রী ক্রমান্বয়ে হ্রাস পাইতেছে। আরও উল্লেখ থাকে মেঘা ডোয়াইলপাড়া গ্রামটি জনবহুল ও জন গুরুত্বপূর্ণ স্থান নয়। এমতাবস্থায় ছোনটিয়া, পূর্বপাড় দিঘুলী, হবদেশ, ডোয়াইলপাড়া এই গ্রাম চারটির সংযোগস্থলে একটি ঐতিহ্যবাহী জামে মসজিদ, ঈদগাহ মাঠ, উকিল বাজার, ঘোড়ামারা হবদেশ এর পার্শ্বে মল্লিক মন্ডল দাখিল মাদ্রাসাটি প্রতিষ্ঠাতার দেওয়া অখন্ড এক একর ভূমিতে স্থানান্তর করার বিশেষ প্রয়োজন।

অতএব, হুজুরের নিকট আকুল আবেদন উক্ত বিষয়টি সু-বিবেচনা করে মল্লিক মন্ডল দাখিল মাদ্রাসাটি মেঘা ডোয়াইলপাড়া গ্রাম হইতে স্থানান্তর করে উকিল বাজার, ঘোড়ামারা, গ্রাম:হবদেশ, পোঃ ছোনটিয়া বাজার, জামালপুর সদর, জামালপুর স্থানে স্থাপন করার জন্য অনুমতি দানে সু-আজ্ঞা

হর্না

নিবেদক



মোঃ ফরহাদ হোসেন

সুপার

মল্লিক মন্ডল দাখিল মাদ্রাসা

পোঃ ছোনটিয়া বাজার

জামালপুর সদর, জামালপুর।

০১৭৩৭-৭৮২৬২০